

## ১. SIRMPR: VIP (VAT Online Project) Project এর সংক্ষিপ্তসার-

অর্থনৈতিক সম্পর্ক বিভাগকে জাতীয়রাজস্ব বোর্ড, ভ্যাটউন্নয়ন প্রোগ্রাম (ভিআইপি), ভ্যাটঅনলাইন ২০১৪-২০১৮ প্রকল্পের কার্যক্রম মনিটরিং এবং ভেরিফিকেশন করার জন্য তৃতীয় পক্ষ হিসেবে দায়িত্ব প্রদান করা হয়। উক্ত দায়িত্ব পালনের জন্য অর্থনৈতিক সম্পর্ক বিভাগ “Support Implementation of the Revenue Mobilization Program for Results: VAT Improvement Program [SIRMPR: VIP (VAT Online Project)] Project.” নামে একটি কারিগরী সহায়তা প্রকল্প গণ্ডিগ্রহণ করে। সরকার এবং বিশ্বব্যাংক এর অর্থায়নে জাতীয় রাজস্ব বোর্ড ভ্যাটউন্নয়ন প্রোগ্রাম (ভিআইপি), ২০১৪-২০১৮, পরিচালনা করেছে যা সরকারের রব্ব্বহত্তর ট্যাক্স রিফর্ম এজেন্ডার একটি গুরুত্ব বিষয়। ট্যাক্স আধুনিকীকরণ পরিকল্পনার অংশ হিসেবে ভ্যাট উন্নয়ন প্রোগ্রাম নতুন ভ্যাট আইন বাস্তবায়নে সহায়তা করেছে। ভ্যাট উন্নয়ন প্রোগ্রাম ব্যবহার করেছে বিশ্বব্যাংকের এশটি নতুন অর্থায়ন পদ্ধতি যা প্রোগাম ফর রেজাল্ট নামে পরিচিত। প্রোগাম ফর রেজাল্ট এর আওতায় ফলাফল অর্জনের সাথে অর্থ ছাড়ের বিষয়টি সংযুক্ত করা হয়েছে। যদিও প্রকল্পটি জাতীয় রাজস্ব বোর্ড কর্তৃক বাস্তবায়ন করা হচ্ছে, সাধারণত বিশ্বব্যাংক এবং বাস্তবায়নকারী সংস্থার মধ্যে পৃথকভাবে মনিটরিং এবং ভেরিফিকেশন, ক্যাপাসিটিবিল্ডিং, দুর্নীতি বিষয়ক প্রতিবেদন এবং সমস্যা সমাধান সময়সাপেক্ষ এবং জটিল বিষয়। ফলে নিরপেক্ষভাবে, সাবলীল কার্যক্রম চালনা, ভেরিফিকেশন ফলাফল সময়মত সম্পন্ন, কারিগরী বিশেষ জ্ঞান সহজতর করা, দুর্নীতির অভিযোগ সংকলন করা এবং সমস্যা সমাধান করার জন্য এশটি তৃতীয় পক্ষের প্রয়োজনীয়তা বিশেষভাবে অনুভব করা হয়। তৃতীয় পক্ষ প্রকল্পের স্বাভাবিক কার্যক্রম বাস্তবায়নে অংশগ্রহণ করবে না, তবে প্রকল্প এবং বিশ্বব্যাংকের মধ্যে যোগসূত্র স্থাপনকারী হিসেবে ভূমিকা পালন করবে।

উল্লেখ্য, ভ্যাট অনলাইন প্রকল্পের কার্যক্রম মনিটরিং এবং ভেরিফিকেশনের মাধ্যমে সরকারের বৃহত্তর ট্যাক্স রিফর্ম কার্যক্রম বাস্তবায়নে “SIRMPR” শীর্ষক প্রকল্পের কার্যক্রম পরিচালনা করেছে।

### ২.০ প্রকল্পের ব্যয় এবং মেয়াদ :

- প্রকল্পটির মোট প্রকল্পব্যয় ২৩.২৩ কোটি টাকা। অর্থায়নকারী প্রতিষ্ঠান হচ্ছে বিশ্বব্যাংক। প্রকল্পটি বাস্তবায়ন কাল জুলাই ২০১৪ খ্রিঃ হতে জুন ২০২০ খ্রিঃ।

### ৩.০ প্রকল্পের মূল উদ্দেশ্য :

- প্রকল্পের উদ্দেশ্য হচ্ছে, অর্থনৈতিক সম্পর্ক বিভাগ ভ্যাট অনলাইন প্রকল্প বাস্তবায়নে সমন্বয়ককের ভূমিকা পালন করবে।
- প্রোগাম ফর রেজাল্ট একটি নতুন অর্থায়ন পদ্ধতি যা বাংলাদেশে প্রথমবারের মত আলোচ্য প্রকল্পে প্রয়োগ করা হয়েছে। ইহা বাস্তবায়নকারী সংস্থার জন্য শিক্ষণীয় প্রক্রিয়া এবং অন্যান্য মন্ত্রণালয়ের অংশ গণ্ডিগ্রহণ অত্যাবশ্যক করবে।

### ৪.০ প্রকল্পের কার্যাবলী :

- বিশ্বব্যাংকের নিকট উপস্থাপিত অগ্রগতি প্রতিবেদন প্রদানের একক কেন্দ্র এবং অর্থ প্রবাহ এবং ব্যয় মনিটরিং করা, ডিসবার্সমেন্টলিংক ইনডিকেটর (ডিএলআই) যাচাই করা এবং মাননিয়ন্ত্রণ সাপোর্ট প্রদানের জন্য মনিটরিং করা;

- ওয়েবসাইট, এসিসি এবং ওসিএজি ও অন্যান্য উৎসহতে তথ্য সংগ্রহ এবং উল্লিখিত প্রোগামের আওতায় জালিয়াতি এবং দুর্নীতি প্রতিবেদন ষাণ্মাসিকভিত্তিতে বিশ্বব্যাংককে প্রদানকরা;
- রেজাল্ট ফর প্রোগাম যাচাই করার জন্য ইনডিপেন্ডেন্ট ভেরিফিকেশন এজেন্টের সাথে চুক্তি করা;
- অর্থ বিভাগের অর্থ ছাড় সংক্রান্ত বিষয় এবং অডিট আপত্তির বিষয়ে সময়মত পদক্ষেপ গ্রহণ করা;
- বিশ্বব্যাংকের রেজাল্টভিত্তিক অর্থায়নপদ্ধতি সম্পর্কে সচেতনতা বৃদ্ধিও লক্ষ্যে ক্যাপাসিটি বিল্ডিং কার্যক্রম নিশ্চিত করা; এবং
- সার্বিক প্রকল্প বাস্তবায়ন অবহিত করার জন্য দায়িত্ব গন্ধ্বহণ এবং বহি: স্টেক হোল্ডারদের জন্য বিক্রি/তথ্যাদি/প্রতিবেদন প্রণয়ন করা ।

## ৫.০ বাজেট ব্যবস্থাপনা:

২০১৪-২০১৫ অর্থ বছর ছিল প্রকল্পটি বাস্তবায়নের প্রথম আর্থিক বছর। উক্ত অর্থ বছরের সংশোধিত বাজেট বরাদ্দ ছিল ১৭৩ লক্ষ টাকা এবং প্রকৃত ব্যয় ছিল ৮২.০৩ লক্ষ টাকা। ২০১৫-২০১৬ অর্থ বছরের এডিপি বরাদ্দ ছিল ৯৪৩ লক্ষ টাকা। সংশোধিত এডিপি বরাদ্দ ছিল ৫৯১.৭৬ লক্ষ টাকা। ২০১৫-২০১৬ অর্থ বছরে ছাড়কৃত অর্থের পরিমাণ ৫৩৫.৪৯ লক্ষ টাকা এবং প্রকৃত ব্যয়ের পরিমাণ ৪৯৫.৫৫ লক্ষ টাকা। ২০১৫-২০১৬ অর্থ বছর পর্যন্ত ক্রমপুঞ্জিত খরচের পরিমাণ ৫৭৭.৫৮। ২০১৬-২০১৭ অর্থ বছরের এডিপি বরাদ্দ ছিল ৩৯৫ লক্ষ টাকা। সংশোধিত এডিপি বরাদ্দ ছিল ২৯৩ লক্ষ টাকা। ২০১৬-২০১৭ অর্থ বছরে ছাড়কৃত অর্থের পরিমাণ ২৯৩ লক্ষ টাকা এবং প্রকৃত ব্যয়ের পরিমাণ ২৭২.২৯ লক্ষ টাকা। ২০১৬-২০১৭ অর্থ বছর পর্যন্ত ক্রমপুঞ্জিত খরচের পরিমাণ ৮৪৯.৮৭ লক্ষ টাকা।

## ৬.০ প্রকল্পের অগ্রগতি:

প্রকল্পে উল্লেখযোগ্য অগ্রগতি সাধিত হয়েছে। ২০১৫-২০১৬ অর্থ বছরে মূলধন খাতের যাবতীয় ক্রয় সম্পন্ন করা হয়েছে।- প্রকল্পের গুরুত্বপূর্ণ অংগ হচ্ছে Appointment of Independent Verification (IVC) Firm নিয়োগ সম্পন্ন করা হয়েছে এবং চুক্তি মোতাবেক ২০১৫-২০১৬ অর্থ বছরে ১ম ভেরিফিকেশন প্রতিবেদন দাখিল করেছে যা-র ভিত্তিতে জাতীয় রাজস্ব বোর্ড কর্তৃক বাস্তবায়নাধীন ভ্যাট অনলাইন প্রকল্পের জন্য বিশ্বব্যাংক ২০১৬ ছয় ) ৯০.২০১৭ অর্থ বছরে ৬-দশমিক নয় মিলিয়ন মার্কিন ডলার ছাড় করে। (২০১৬ ২০১৭ অর্থ বছরে-২য় ভেরিফিকেশন প্রতিবেদন দাখিল করেছে যার ভিত্তিতে জাতীয় রাজস্ব বোর্ড কর্তৃক বাস্তবায়নাধীন ভ্যাট অনলাইন প্রকল্পের জন্য বিশ্বব্যাংক ১) ৭৫.এক দশমিক পঁচাত্তর-মিলিয়ন মার্কিন ডলার ছাড় করেছে। ২০১৬ (২০১৭ অর্থ বছরের বিশ্বব্যাংক কর্তৃক মোট ছাড়কৃত অর্থের পরিমাণ ৮ ৬৫ মিলিয়ন মার্কিন ডলার। ২০১৬-২০১৭ অর্থ বছরে বাজেট বরাদ্দ মোতাবেক প্রয়োজনীয় ক্রয় কার্যক্রম সম্পন্ন করা হয়েছে। মূলধন খাতের যাবতীয় ক্রয় সম্পন্ন করা হয়েছে।